**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**17 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

মণিপুরে শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনতে নিরাপত্তা বাহিনী সমূহকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় নির্দেশ দিয়েছে। মন্ত্রণালয়ের এক বিবৃতিতে দুই সম্প্রদায়ের সশস্ত্র দুষ্কৃতিকারী হিংসায় লিপ্ত হওয়ার ফলে একাংশ নিরপরাধ লোককে প্রাণ হারাতে হয়েছে বলে উল্লেখ করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে হিংসা এবং বিদ্বেষমূলক কার্যকলাপের সঙ্গে জড়িত লোকেদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে বলে মন্ত্রণালয়ের পক্ষ থেকে সতর্ক করে দেওয়া হয়েছে। উল্লেখ্য এই সংক্রান্ত গুরুত্বপূর্ণ মামলা সমূহের ফলপ্রসূ এবং বিস্তারিত তদন্তের প্রয়োজনে সেগুলি জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ-কে হস্তান্তর করা হয়েছে। এছাড়া মন্ত্রণালয় জনসাধারণকে শান্তি বজায় রাখতে কোনোধরণের উড়ো খবরে কান না দিতে এবং রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য নিরাপত্তা বাহিনীর সঙ্গে সহযোগিতা করার আহ্বান জানিয়েছে।

এদিকে মণিপরে সম্প্রতি সংঘটিত অপ্রীতিকর ঘটনার পরবর্তীতে রাজ্যের বেশকয়েকটি স্থানে নতুন করে যেকোনোধরণের বেআইনী কাজকর্ম রোধের পরিপ্রেক্ষিতে রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রণালয় মণিপুরের সাতটি জেলায় গতকাল বিকেল  থেকে দুদিনের জন্য ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখার নির্দেশ দিয়েছে । এই সময়ে রাজ্যের পূর্ব ও পশ্চিম ইম্ফাল, বিষেণপুর, থৌবাল, কাকচিং, কাংপোকপি এবং চূড়াচান্দপুর জেলায় ভি এস এ টি, ব্রডব্যান্ড এবং ভি পি এন সেবা সহ সবধরণের ইন্টারনেট পরিষেবা বন্ধ থাকবে ।

এদিকে মণিপুরের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে পশ্চিম ইম্ফাল ,পূর্ব ইম্ফাল ,থৌবাল ,কাকচিং এবং বিষ্ণুপুর   এই পাঁচটি জেলায় অনির্দিষ্ট কালের জন্য  কার্ফিউ বলবৎ করা হয়েছে । শুধুমাত্র জরুরি সেবার আওতায় থাকা লোকেদের এই আদেশের বাইরে রাখা হয়েছে ।

---

কাছাড়ের শ্রম আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে শিলচর শহরের দোকান ও প্রতিষ্ঠানের মালিকদের অবগতির জন্য জানিয়েছেন যে আসাম দোকান এবং প্রতিষ্ঠান আইন ১৯৭১ ইং ১১ নম্বর ধারা অনুযায়ী প্রত্যেক দোকান মালিকদের নিজ নিজ বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলো প্রতি রবিবার সম্পূর্নভাবে বন্ধ রাখতে হবে । এই নির্দেশ মূলত আইন অনুযায়ী সাপ্তাহিক বন্ধের নিয়ম কার্যকর করার লক্ষ্যে জারি করা হয়েছে ।  এই নিয়ম লঙ্ঘন করলে আইন অনুযায়ী ব্যাবস্থা নেওয়া হবে ।তবে আইন অনুযায়ী ছাড় পাওয়া প্রতিষ্ঠানগুলি এই নির্দেশের বাইরে থাকবে ।

---

শিলচর ও উধারবন্দ টেরিটোরিয়াল রোড ডিভিশনের কার্যবাহী বাস্তুকার দুটি পৃথক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে  রংপুর থেকে আঙ্গারজুড় রোড সংস্কারের কাজের জন্য আগামীকাল ও পরশু সন্ধ্যা ছয়টা থেকে পরদিন সকাল ছয়টা পর্যন্ত ওই সড়কে সবধরণের ভারী ও মাঝারি যানবাহন চলাচল বন্ধ থাকবে । অনুরূপভাবে দয়াপুর আরকাটিপুর রোড সংস্কারের কাজের জন্য গতকাল থেকে আগামী ২৫ শে নভেম্বর পর্যন্ত ছাপান্নহাল ব্রিজ পয়েন্ট থেকে আরকাটিপুর হাসপাতাল পয়েন্ট এবং ইস্তামপুর ছাপান্নহাল রোড সবধরণের যানবাহন চলাচলের জন্য বন্ধ থাকবে ।

---

লায়ন্স ক্লাব অফ লালা এবং লালা প্রেস ক্লাব গতকাল জাতীয় প্রেস দিবস উপলক্ষ্যে হাইলাকান্দি জেলার সাংবাদিক তথা সংবাদ মাধ্যমের সঙ্গে জড়িত ব্যাক্তিদের সম্মান জানিয়ে তাদের স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করে ।লালা প্রেস ক্লাবের সভাপতি নুরুল হুদা চৌধুরীর পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে হাইলাকান্দি জেলার বিভিন্ন এলাকার  কুড়িজন সাংবাদিককে সংবর্ধনা জানানো হয় এবং তাদের বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করা হয় ।

---

কেন্দ্রীয় সরকারের তথ্য ও বৈদ্যুতিক মন্ত্রণালয়ের সহযোগীতায় পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় করিমগঞ্জের ছাত্র ছাত্রীদের হাতে কলমে দক্ষতা বিকাশের লক্ষ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিংয়ের ওপর ৬ দিনের ইন্টার্নশিপ কার্যসূচী আজ শেষ হয়েছে । করিমগঞ্জ কেন্দ্রীয় বিদ্যালয়ে অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র ছাত্রীরা এতে অংশগ্রহণ করে ।

---

করিমগঞ্জ পৌরসভার আধিকারিক এক বিজ্ঞপ্তিতে পৌর এলাকার নাগরিকদের তাঁদের গৃহ ,দোকান ইত্যাদির আবর্জনা যেখানে সেখানে ফেলে শহরকে নোংরা না করার আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে পৌরসভা কার্যালয় থেকে প্রতিদিন সকাল ও রাত্রিবেলা আবর্জনা সংগ্রহের গাড়ী পাঠানো হচ্ছে । তাই সকল নাগরিকদের আবর্জনা সংগ্রহের নির্ধারিত গাড়ীতে আবর্জনা ফেলার আহ্বান জানানো হয়েছে । এতে আরো জানানো হয়েছে যে গত ১৪ নভেম্বর থেকে শহরে উপযুক্ত রশিদের বিনিময়ে ইউজার ফি সংগ্রহ করা হচ্ছে । তাই সকল নাগরিকদের রসিদের বিনিময়ে ইউজার ফিস জমা দিতে এবং এবিষয়ে সবধরণের সহযোগীতা করতে কার্যবাহী আধিকারিক আহ্বান জানিয়েছেন ।

---

করিমগঞ্জ জেলার লোয়াইরপোয়া ,পাথারকান্দি,দুল্লভছড়া ও উত্তর করিমগঞ্জ সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পের অধীনে অঙ্গনওয়ারী কর্মী ও সহায়িকা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । এতে লোয়াইরপোয়া আই সি ডিএস প্রকল্পের ২৯ টি অঙ্গনওয়ারী কেন্দ্রের ৮ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী কর্মী এবং ২১ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী সহায়িকা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । পাশাপাশি পাথারকান্দি আই সি ডিএস প্রকল্পের অধীনে ৬৪ টি অঙ্গনওয়ারী কেন্দ্রের ২৭ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী কর্মী এবং ৩৭ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী সহায়িকা নিয়োগের জন্য তথা দুল্লভছড়া আই সি ডি এস প্রকল্পের অধীনে ২৯ টি অঙ্গনওয়ারী কেন্দ্রের১৪ টি কেন্দ্রে

অঙ্গনওয়ারী কর্মী এবং ১৫ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী সহায়িকা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । এছাড়া উত্তর করিমগঞ্জ আই সি ডি এস প্রকল্পের অধীনে ৫০ টি অঙ্গনওয়ারী কেন্দ্রের ১৬ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী কর্মী এবং ৩৪ টি কেন্দ্রে অঙ্গনওয়ারী সহায়িকা নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে ।এতে ওই আই সি ডি এস প্রকল্পগুলির শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকরা পৃথক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে মহিলা প্রার্থী যারা অঙ্গনওয়ারী কর্মী ও সহায়িকা হিসেবে স্বেচ্ছায় সেবা দান করতে ইচ্ছুক তারা প্রয়োজনীয় নথিপত্র ও দুই কপি পাসপোর্ট সাইজ ফটো সহ নির্ধারিত প্রপত্রে দরখাস্ত জমা দিতে পারবেন । দরখাস্ত আগামী ২০ শে নভেম্বর পর্যন্ত সব কর্ম দিবসে সকাল ১১ টা থেকে বিকেল তিনটার মধ্যে সংশ্লিষ্ট আইসিডিএস প্রকল্পের আধিকারিকের কার্যালয়ে জমা দিতে হবে । বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট প্রকল্প আধিকারিকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

---

---